



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৯, ৯৫৭৩৯২৬

E-mail: dgmsme@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ ১৬২৮(২২)

তারিখ : ১২/০১/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়

ও

স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪০০০.০০ কোটি টাকা। তন্মধ্যে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬০০.০০ কোটি টাকা (মোট সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১৫%) বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্র নং ৭(৯)/২০২১-২০২২/৩০৯(১২৫০), তারিখ ২৪/০৮/২০২১ মূলে জারীপূর্বক তা অর্জনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতিমধ্যে বর্তমান ২০২১-২০২২ অর্থবছরের ০৬ (ছয়) মাসেরও বেশী সময় অতিক্রান্ত হলেও নারী উদ্যোক্তাদের সিএমএসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩১/১২/২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	নারী উদ্যোক্তাদের জন্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)	মন্তব্য
১	ঢাকা	১২৬.০০	৪.৪০	৩%	হতাশাব্যঞ্জক
২	ময়মনসিংহ	৬৯.০০	২.৬০	৪%	হতাশাব্যঞ্জক
৩	চট্টগ্রাম	৫৪.০০	৩.২৮	৬%	হতাশাব্যঞ্জক
৪	খুলনা	৫৪.০০	১.০৪	২%	হতাশাব্যঞ্জক
৫	বরিশাল	১৮.৭৫	২.৫১	১৩%	হতাশাব্যঞ্জক
৬	সিলেট	৪৫.৭৫	১.৯০	৪%	হতাশাব্যঞ্জক
৭	কুমিল্লা	৮০.২৫	১.৬২	২%	হতাশাব্যঞ্জক
৮	ফরিদপুর	৫২.৫০	১.১৯	২%	হতাশাব্যঞ্জক
৯	কুষ্টিয়া	৫৭.৭৫	৫.৬৮	১০%	হতাশাব্যঞ্জক
১০	এলাপিও	৪২.০০	০.০০	০%	হতাশাব্যঞ্জক
মোটঃ		৬০০.০০	২৪.২২	৪%	হতাশাব্যঞ্জক

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই বার্ষিক সিএমএসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে আনুপাতিক লক্ষ্যমাত্রার ৫০% অর্জনের নির্দেশনা থাকলেও অর্জিত হয়েছে মাত্র ৪%, যা খুবই হতাশাব্যঞ্জক।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ (সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) মোতাবেক ২০২৪ সাল অন্তে এসএমই ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের মোট ঋণ স্থিতির ২৫%। একইভাবে উল্লেখিত সময়সীমার মধ্যে নারী উদ্যোগে ঋণ স্থিতি হতে হবে মোট এসএমই ঋণস্থিতির ১৫%। সে লক্ষ্যে সিএমএসএমই খাতে অর্থায়নের পাশাপাশি নারী উদ্যোক্তা খাতে অর্থায়নের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। নারী উদ্যোক্তা খাতে আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ প্রবাহ বৃদ্ধিতে নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- (ক) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তা ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির পরিমাণ ক্রমান্বয়ে ১৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- (খ) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে;
- (গ) নারী উদ্যোক্তা খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;


বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

- (ঘ) সিএমএসএমই খাতকে আরো এগিয়ে নিতে নতুন ও নারী উদ্যোক্তাদের মাঝে অধিক পরিমাণ ঋণ বিতরণের লক্ষ্যে প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য এসএমই উদ্যোক্তা খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়ন পূর্বক যোগ্য উদ্যোক্তাদেরকে এসএমই ঋণের আওতায় আনতে হবে। অঞ্চল প্রধানগণ শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;
- (ঙ) অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা মোতাবেক নারী উদ্যোক্তাদের অনুকূলে জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে। উক্ত নীতিমালার সদ্যবহার নিশ্চিত করে এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে ;
- (চ) সিএমএসএমই খাতে ঋণের স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে হলে এ খাতে বিতরনকৃত ঋণের পাশাপাশি আদায়ের উপরও সমান গুরুত্ব দিতে হবে। তাই নিয়মিত মনিটরিং করতঃ এ খাতে বিতরনকৃত ঋণ যাতে কোন অবস্থাতে বিরূপ মানে শ্রেণীকৃত না হয়ে পড়ে সে দিকে বিশেষ নজর দিতে হবে;
- (ছ) চলতি অর্থবছরে সিএমএসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা শাখা কর্তৃক অর্জনের অগ্রগতি বিভাগীয়, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে;
- (জ) বছর শেষে কোন শাখারই সিএমএসএমই খাতে ঋণ বিতরণের অর্জন যাতে শূন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে;
- (ঝ) বাংলাদেশ ব্যাংক ও অর্থমন্ত্রণালয়ে মাসিক ভিত্তিতে তথ্য সরবরাহের নিমিত্তে শাখা/অঞ্চল হতে সংগৃহীত তথ্য শুধুমাত্র বিভাগীয় কার্যালয়সমূহ হতে সিএমএসএমই নারী উদ্যোক্তা ঋণ মাসিক বিবরণী অনুযায়ী একীভূত করে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে নিয়মিতভাবে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। নারী উদ্যোক্তা খাতে অর্থায়নে APA (Annual Performance Agreement) সূচকে এর প্রভাব প্রতিফলিত হয় বিধায় ব্যাংকের ভাবমূর্তি রক্ষার্থে তা খুবই গুরুত্বপূর্ণ। এছাড়াও বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-৮, তারিখ ১৭/০৮/২০২১ এর নির্দেশনা মোতাবেক ০১/০৭/২০২১ হতে ৩১/১২/২০২৪ পর্যন্ত নারী উদ্যোক্তা খাতে সিএমএসএমই অর্থায়নের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও গ্রাহক পর্যায়ে প্রত্যেক মূলধনের ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রাপ্য হবেন। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণ পূর্বক নারী উদ্যোক্তা খাতে আগামী মার্চ/২০২২ ভিত্তিক ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন এবং ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপ মহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেডিটবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২১-২০২২/ ১৩১৫২০০

তারিখঃ এ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।

Moinul Hossain  
০২/০২/২০২২

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক